আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৭৫ প্রকাশকাল: ২৬ ই জুলাই ,২০২০ ইংরেজি

যোহর ও আসরের নামাযে মুসল্লিরা ইমামের কেরাত শুনতে পেলে কি নামায হবে?

প্রশ্নঃ

বর্তমানে অনেক মসজিদে নামাযের সময় স্পিকার ব্যবহার করা হয়। স্পিকারের মাউথ মুখের একেবারে নিকটে হওয়ার কারণে অনেক সময় যোহর ও আসরের নামাযেও স্পিকারের পাশের অনেক ভাই ইমামের কেরাত স্পষ্ট শুনতে পান। তবে লক্ষণীয় বিষয় হল, তা শুধুমাত্র স্পিকারের পাশে হওয়ার কারণে শোনা যায়। এমতাবস্থায় নামাযের হুকুম কী? নামায কি সহীহ হবে?

প্রশ্নকারী- সাবিত সিয়াম

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده أما بعد:

যোহর বা আসরের নামাযে স্পিকারের পাশে হওয়ার কারণে যদি মুসল্লিরা ইমামের কেরাত শুনতে পায়, তাহলে এতটুকু আওয়াজে পড়ার দ্বারা নামাযের কোনো সমস্যা হবে না; বরং নামায যথারীতি সহীহ হয়ে যাবে। -আলমুহিতুল বুরহানি, দারুল কুতুবিল ইলমিয়্যাহ: ১/২৯৬-২৯৭, রদ্দুল মুহতার, দারুল ফিকর: ১/৫৩৪-৫৩৫, আলবাহরুর রায়েক,

দারুল কিতাবিল ইসলামি: ৩৫৬-৩৫৭, জামিয়া ইসলামিয়া বিন্নুরি টাউন করাচি, ফতোয়া নং ১৪৪০০৪২০১০৭৩

فقط. والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৪-১১-১৪৪১ হি.

১৬-০৭-২০২০ ইং